৮।৮।২০০৩

তারিখ ...................
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২ .....

দৈনিক ইনকিলাব

# সার্ক পুনরায় গতিশীল হয়ে উঠছে
## কাল কলম্বোয় স্ট্যান্ডিং কমিটির বৈঠক

কূটনৈতিক সংবাদদাতা ঃ আগামীকাল শ্রীলংকার রাজধানী কলম্বোয় স্ট্যান্ডিং কমিটির ২ দিনব্যাপী বৈঠক শুরু হচ্ছে। '৯৯ সালে সার্ক শীর্ষ সম্মেলন ভণ্ডুল হয়ে যাওয়ার পর দক্ষিণ এশিয়া আঞ্চলিক সহযোগিতা সংস্থা সার্ক'র এই কলম্বো বৈঠকই হবে প্রথম উচ্চ পর্যায়ের বৈঠক। উল্লেখ্য, ঐ সময় পাকিস্তানে সামরিক অভ্যুত্থান ঘটলে ভারত কোন সামরিক শাসকের সাথে সার্ক শীর্ষ বৈঠকে বসবে না বলে ঘোষণা দেয়। ফলে, নেপালের রাজধানী কাঠমন্ডুতে সার্ক শীর্ষ সম্মেলন অনুষ্ঠানের সকল আয়োজন ভণ্ডুল হয়ে যায়। সেই থেকে সার্ক-এর উচ্চ পর্যায়ের বৈঠকও আর অনুষ্ঠিত হয়নি। কেবলমাত্র কারিগরি পর্যায়ে যোগাযোগের মাধ্যমে আঞ্চলিক সংস্থাটির অস্তিত্ব এখন পর্যন্ত টিকে আছে।

পররাষ্ট্র সচিব পর্যায়ের আগামীকালের এই স্ট্যান্ডিং কমিটি বৈঠক এ প্রেক্ষাপটে যথেষ্ট গুরুত্ব বহন করছে। এই বৈঠক গত জুন মাসে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। নেপালের রাজপ্রাসাদে নৃশংস হত্যাকাণ্ডের প্রেক্ষিতে তা স্থগিত হয়ে যায়।

ইতোমধ্যে দক্ষিণ এশিয়ার রাজনীতিতে ইতিবাচক পরিবর্তনের সূচনা ঘটেছে। পাকিস্তান-ভারত শীর্ষ বৈঠক উভয় দেশের

৫-এর পৃঃ ১-এর কঃ দেখুন

## সার্ক গতিশীল হয়ে উঠছে

৮-এর পৃষ্ঠার পর

সমস্যা সমাধানে কতখানি সফল হয়েছে তা বিবেচনায় না এনেও নিশ্চিত বলা যায় যে, দুই চির বৈরী দেশের মধ্যে বৈঠক হয়েছে এবং দুই শীর্ষ নেতা যে আবারো বৈঠকে বসতে রাজি হয়েছেন এটাই উপমহাদেশের রাজনীতিতে ইতিবাচক পরিবর্তনের সূচনা ঘটাতে সক্ষম হয়েছে। অন্তত সার্ক শীর্ষ বৈঠক অনুষ্ঠানের পথে আর কোন বাধা আপত্তি রইল না। কূটনৈতিক মহল মনে করছেন, "সার্ক স্ট্যান্ডিং কমিটির কলম্বো বৈঠক দক্ষিণ এশিয়ার আঞ্চলিক সহযোগিতার ক্ষেত্রে এখন একটি গতি সঞ্চারিত করতে পারবে। '৯৯ সালে কাঠমন্ডু শীর্ষ বৈঠক ভণ্ডুল হয়ে যাওয়ার পর সার্ক যে অচলাবস্থার সম্মুখীন হয় কলম্বো বৈঠকে তা কাটিয়ে ওঠা সম্ভব হবে।

সার্কভুক্ত সকল দেশই শীঘ্রই সার্ক শীর্ষ সম্মেলন অনুষ্ঠানের ব্যাপারে আশাবাদী। আশা করা হচ্ছে, কলম্বো স্ট্যান্ডিং কমিটির বৈঠক শীর্ষ বৈঠকের পথ সুগম করবে। কলম্বো সার্ক স্ট্যান্ডিং কমিটির বৈঠকে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন ভারপ্রাপ্ত পররাষ্ট্র সচিব জনাব মোহসিন আলী খান। দলের অপর দুইজন সদস্য হচ্ছেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের সার্ক ডেস্কের মহাপরিচালক জনাব মিজানুল কায়েস এবং দক্ষিণ এশিয়া বিষয়ক মহাপরিচালক জনাব মাহমুদ হাসান।

স্ট্যান্ডিং কমিটির প্রস্তুতি বৈঠক শুরু হয়েছে গতকাল। এই বৈঠক আজও চলবে। কাল শুরু হবে মূল বৈঠক।